



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।



বিআরপিডি সার্কুলার নং- ১৩

৮ আষাঢ় ১৪২৯

তারিখ : -----

২২ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**বীর মুক্তিযোদ্ধা, বয়োবৃদ্ধ, বিধবা এবং বিশেষ চাহিদাসম্পন্ন গ্রাহকগণকে
ব্যাংকিং সেবা প্রদানে বিশেষ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

ব্যাংকিং সেবা গ্রহণের জন্য বীর মুক্তিযোদ্ধা, বয়োবৃদ্ধ, বিধবা এবং বিশেষ চাহিদাসম্পন্ন গ্রাহকগণ ব্যাংকে গমন করে থাকেন। এরূপ গ্রাহকগণকে ব্যাংকিং সেবা প্রদানের জন্য ব্যাংকসমূহে বিশেষ ব্যবস্থা না থাকায় তাঁদেরকে বিভিন্ন অসুবিধার সম্মুখীন হতে হয়। অন্যান্য গ্রাহকদের তুলনায় বর্ণিত গ্রাহকগণ অপেক্ষাকৃত সংবেদনশীল হয়ে থাকেন। তাই তাঁদের সেবা প্রদানে বর্ধিত সুযোগ-সুবিধা প্রদানের বিষয়টি বিবেচিত হওয়ার আবশ্যিকতা রয়েছে।

০২। বীর মুক্তিযোদ্ধা, বয়োবৃদ্ধ, বিধবা এবং বিশেষ চাহিদাসম্পন্ন গ্রাহকগণকে ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে এখন থেকে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবেঃ

- ২.১। বীর মুক্তিযোদ্ধা, বয়োবৃদ্ধ, বিধবা এবং বিশেষ চাহিদাসম্পন্ন গ্রাহকগণের জন্য ব্যাংকের প্রধান কার্যালয়সহ সকল শাখা প্রাপ্তনে অগ্রাধিকার ভিত্তিতে বসার ব্যবস্থা সংরক্ষণ করতে হবে;
- ২.২। উল্লিখিত গ্রাহকগণের কাজক্ষিত ব্যাংকিং সেবা নির্বিল্ল, সহজ ও দ্রুততম সময়ে সম্পন্ন করতে হবে; এবং
- ২.৩। উল্লিখিত গ্রাহকগণের ব্যাংকিং সেবা গ্রহণে সহযোগিতা প্রদানের লক্ষ্যে ব্যাংকসমূহ তাদের সকল শাখাসহ প্রত্যেকটি সার্ভিস সেন্টারে ০১ (এক) জন কর্মকর্তা/কর্মচারীকে সুনির্দিষ্টভাবে দায়িত্ব প্রদান করবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)
পরিচালক (বিআরপিডি)
ফোন : ৯৫৩০০৯৫